# ২০২৩

# বাংলা

**(অনার্স)**

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)**

**চতুর্থ সেমেস্টার**

**কোর্স কোড : BNG-H-CC-T-9**

**(কাব্যের রূপভেদ, কাব্য ও কবিতাপাঠ)**

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘লিরিক’ শব্দটির উৎস কী?

খ) ‘কোমল আলো মুখে, বুলায়ে যায় পাণি’ — কার মুখে, কে আলো বুলিয়ে যায়?

গ) দু’জন ইংরেজ গীতিকবির নাম লেখো।

ঘ) ‘একমাত্র আছে অই অখিলমোহন’ — ‘অখিলমোহন’ বলতে কী বোঝানো হয়েছে?

ঙ) ‘ষটক’ ও ‘অষ্টক’ বলতে কী বোঝ?

চ) ‘কেমনে তুই রে পোড়া লেখনি, লিখিলি এ পাপকথা’ —‘পাপকথা’ কী?

*(পরের পাতায়)*

ছ) 'আয় রে ছুটে, আর রে ত্বরা' — কে, কাদের ছুটে আসতে বলছেন?

জ) 'দিয়াছিল যেই রত্ন ভারতী তোমায় - অপার্থিব ধন' - --- কোন্ রত্নের কথা বলা হয়েছে? 'অপার্থিব ধন' কী?

ঝ) একটি বাংলা ও একটি ইংরেজি শোককাব্যের নাম লেখো।

ঞ) 'এ দুজন যদি আসে কাছে, মুছি আঁখি অমনি' —'দুজন' বলতে কাদের বোঝানো হয়েছে?

ট) 'দিয়াছিল যেই রত্ন ভারতী তোমায় - অপার্থিব ধন' — কোন্ রত্নের কথা বলা হয়েছে? 'অপার্থিব ধন' কী?

ঠ) 'মাইকেল মধুসূদন দত্ত' কবিতায় মাইকেল মধুসূদন রচিত কী কী কাব্য-নাটকের উল্লেখ আছে? স্তুতিকবিতার বৈশিষ্ট্য কী?

ড) 'কিন্তু পূর্বকথা এবে স্মর, নরমণি' — বক্তা 'পূর্বকথা' বলতে কী বুঝিয়েছেন?

ঢ) 'ভূতের বেগার খেটে মরিস মিছে' — এখানে 'ভূতের বেগার' বলতে কী বোঝানো হয়েছে?

ণ) 'শাশুড়ির যোগ্য বধূ' কে, কী প্রসঙ্গে এ কথা বলেছেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) উদাহরণসহ আখ্যানকাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) 'চণ্ডালের পদধূলি ব্রাহ্মণের ভালে' — প্রসঙ্গ আলোচনাপূর্বক উক্তিটি ব্যাখ্যা করো।



গ) একটি বাংলা শোককাব্যের আলোচনাসহ শোককাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঘ) 'মানসগৃহে মম, শুধু সে আমি একা' — কবির বিরহের স্বরূপ আলোচনা করো।

ঙ) 'এই আমাদের ধর্ম, এই জীবনের কর্ম' — উক্তির আলোকে কবির স্বাদেশিক মনোভাবের পরিচয় দাও।

চ) 'কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে' — উক্তিটির মাধ্যমে বক্তার বিরহের যে স্বরূপ প্রকাশ পেয়েছে, সেটি আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) পত্রকাব্যের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বিস্তৃত আলোচনা করো।

খ) ঊনবিংশ শতাব্দীর গীতিকবিতার পরিমণ্ডলে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'শিশুর হাসি' কবিতাটি গীতিকবিতা হিসেবে সার্থক হয়ে উঠেছে কিনা যুক্তিসহ বিশ্লেষণ করো।

গ) 'আগে আত্মা, পরে দেহ যাইছে তুহার' — কবির এই অভিসারকে 'অদ্ভুত' মনে হওয়ার কারণগুলি নিজের ভাষায় লেখো।

ঘ) বীরাঙ্গনা কাব্যের 'দশরথের প্রতি কেকয়ী' পত্রে কেকয়ী চরিত্রে আধুনিক নারী-মনস্তত্ত্বের যে জটিল রূপ প্রকাশ পেয়েছে, তা নিজের ভাষায় বর্ণনা করো।

-------------